

বিজ্ঞপ্তি/২০২৬

বিজিএ/মেম্বারশীপ/২০২৬/৫৭

১২ মার্চ ২০২৬

বিষয়ঃ বিজিএমইএ'র পোশাক শিল্পের সাথে ব্যবসা পরিচালনার স্বার্থে সহযোগী সদস্যপদ গ্রহণ প্রসঙ্গে।

বিজিএমইএ'র পোশাক শিল্প কারখানা ভিত্তিক সদস্যপদ প্রদানের পাশাপাশি সহযোগী প্রতিষ্ঠানের সদস্যপদ প্রদান করে থাকে। রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের উন্নয়নের ধারাবাহিকতায় গত ১৪ জানুয়ারি ২০২৬ তারিখে বিজিএমইএ পরিচালনা পর্ষদ (২০২৫-২০২৭) এর ৪র্থ নিয়মিত বোর্ড সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বায়িং হাউজগুলোর ব্যবসায়িক স্বচ্ছতা নিয়ে আলোচনায় তৈরি পোশাক শিল্পের সামগ্রিক স্বার্থে এবং জবাবদিহিতা নিশ্চিত করতে বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানার সাথে কাজ করার ক্ষেত্রে BGMEA-এর সহযোগী সদস্যপদ গ্রহণের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানা তথা তৈরি পোশাক শিল্পের সামগ্রিক স্বার্থে এবং জবাবদিহিতা নিশ্চিত করতে বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানার সাথে কাজ করার ক্ষেত্রে BGMEA-এর সহযোগী সদস্যপদ গ্রহণ করতে হবে। বায়িং হাউজগুলোর বিজিএমইএ'র সদস্যপদ না থাকলে বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানার সাথে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে বিজিএমইএ'র সেবাসমূহ থেকে বঞ্চিত হতে পারেন।

২। বায়িং হাউজগুলো বিজিএমইএ'র সদস্যপদ না নিলে তারা আরবিট্রেশন সহায়তাসহ অন্যান্য সুযোগ-সুবিধা/সার্ভিস পাবে না।

৩। বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানাগুলো অর্ডার গ্রহণের সময় অবশ্যই বায়িং হাউজটির বিজিএমইএ'র সদস্যপদ আছে কি না তা নিশ্চিত করবেন এবং সদস্যপদ না থাকলে সদস্য হওয়ার জন্য অনুরোধ করবেন। এ বিষয়ে প্রয়োজনে বিজিএমইএ'র হট লাইনঃ ০৯৬৩৮০১২৩৪৫ (এক্স:-৪০১ ও ২৪১) অথবা ০১৩০২৪৬৩৪১৭, এ যোগাযোগ করা যেতে পারে।

উক্ত বিষয়টি সকল সদস্যদের অবগতির জন্য জানানো হ'ল।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •

